

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ৮, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

উপজেলা-১ শাখা

## প্রজ্ঞাপন

তারিখ, ০৭ নভেম্বর ২০১৩

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.১৩১.২০১২-১৩০৮—যেহেতু, ডাঃ মুহাম্মদ হুমায়ুন কবীর, চেয়ারম্যান, আলমডাঙ্গা উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা কর্তৃক উপজেলা পরিষদের গাড়ী চালক পদে নিয়োগের লক্ষ্যে বাছাই কমিটির সুপারিশ যথাসময়ে পরিষদ সভায় উপস্থাপন না করে ১ বছর ১ মাস ১৮ দিন যাবৎ নিয়োগ প্রদান করেননি।

যেহেতু, কি পারিপার্শ্বিকতার কারণে তিনি উক্ত পদে চূড়ান্ত নিয়োগ কার্যক্রম সম্পূর্ণ করতে পারেননি তা যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করেননি;

যেহেতু, উপজেলা পরিষদ চেয়ারম্যান, আলমডাঙ্গার চরম গাফিলতির কারণে দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পরও উল্লিখিত পদে নিয়োগদানের বিষয়টি পরিষদ সভায় উপস্থাপন না করার অভিযোগে তাঁর বিরুদ্ধে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ ধারা অনুযায়ী অপসারণের কার্যক্রম আরম্ভ করা হয়েছে এবং তাঁর দ্বারা পরিষদের কার্যক্রম পরিচালনা করা জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

( ১০৩৫৯ )  
মূল্য : টাকা ৪.০০

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা  
সংশোধিত] এর ধারা ১৩খ(১) ধারা অনুসারে চুয়াডাঙ্গা জেলার আলমতাঙ্গা উপজেলা পরিষদ চেয়ারম্যান  
ডাঃ মুহাম্মদ হুমায়ুন কবীরকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সবুর হোসেন  
উপ-সচিব।